



বিশ্বকাপ বাছাইপর্বে তুরস্ককে বিধ্বস্ত করে স্পেনের গোল উৎসব



সংগৃহীত ছবি

২০২৬ ফিফা বিশ্বকাপ বাছাইপর্বে নিজেদের দাপট অব্যাহত রেখেছে স্পেন। রবিবার (৭ সেপ্টেম্বর) তুরস্কের কনিয়া শহরে স্বাগতিকদের ৬-০ গোলে বিধ্বস্ত করে গ্রুপ-ই তে টানা দ্বিতীয় জয় তুলে নিয়েছে ইউরোপিয়ান চ্যাম্পিয়নরা। এই বিশাল জয়ে স্পেন কেবল পয়েন্ট টেবিলে নিজেদের অবস্থান মজবুত করলো না, বরং বিশ্বকাপ বাছাইপর্বে নিজেদের অন্যতম শক্তিশালী দল হিসেবেও প্রমাণ করলো।

ম্যাচের শুরু থেকেই স্পেন তাদের চিরাচরিত পাসিং ফুটবলে তুরস্কের উপর চাপ সৃষ্টি করে। খেলার মাত্র ৬ মিনিটেই বাসী তারকা পেদ্রি গোল করে দলকে এগিয়ে দেন। এরপর প্রথমার্ধ শেষ হওয়ার আগেই আর্সেনালের মিকেল মেরিনো আরও দুটি গোল করে স্পেনের ব্যবধান ৩-০ করেন।

দ্বিতীয়ার্ধেও স্প্যানিশ আক্রমণের ধার কমেনি। মেরিনো নিজের হ্যাটট্রিক পূর্ণ করেন এবং ফেরান তোরেস ও পেদ্রি তাদের গোলের খাতায় নাম লেখান। পুরো ম্যাচ জুড়ে স্পেনের গতি, পাসিং এবং আক্রমণভাগের সমন্বয়ের কাছে তুরস্কের রক্ষণভাগ একেবারেই প্রতিরোধহীন ছিল। স্পেনের ফ্রন্ট থ্রি লামিন, ওয়ারজাবাল, ও নিকোর গতির কাছে নাকানিচুবানি খেয়েছে তুরস্কের রক্ষণভাগ। গোল না পেলেও লামিন ২ গোলে, ওয়ারজাবাল ৩ গোলে এবং নিকো ১ গোলে সহায়তা করেছেন।

এই জয়ের পর দুই ম্যাচে পূর্ণ ৬ পয়েন্ট নিয়ে গ্রুপ-ই তে শীর্ষে অবস্থান করছে স্পেন। অন্যদিকে, নিজেদের দ্বিতীয় ম্যাচে প্রথম হার স্বীকার করে তুরস্কের সংগ্রহ এখন ৩ পয়েন্ট। ম্যাচ শেষে তরুণ তারকা পেদ্রি এই জয়কে দলের “পারফেক্ট ম্যাচ” হিসেবে অভিহিত করে বলেন, “শুরু থেকে শেষ পর্যন্ত আমরা যেভাবে খেলেছি, তাতে দলের আত্মবিশ্বাস আরও বেড়ে যাবে।” ফুটবল বিশ্লেষকরা মনে করছেন, এই জয় স্পেনের বিশ্বকাপ যাত্রাকে আরও শক্তিশালী করবে।